# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | ১ | ৫ | ০ |

### সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ২০ মিনিট; মান: ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ▶ মফিজ একজন আধুনিক কৃষক। তিনি উন্নতজাতের বীজ, সার ও উন্নত সেচ পদ্ধতি ব্যবহার করে তার উৎপাদন বৃদ্ধি করেছেন। ফলশ্রুতিতে সে একজন সচ্ছল কৃষক। মফিজের বিশ্ববিদ্যালয়ে পড়ুয়া মেয়ে লাবণী। সে মোবাইল ফোন, ই-মেইল, ইন্টারনেট ইত্যাদি ব্যবহার করে সকলের সাথে সম্পর্ক রক্ষা করছে। লাবনী ঘরে বসেই বিশ্বের সেরা পাঠাগার ব্যবহার করে প্রয়োজনীয় বই পুস্তক পড়ে। তাছাড়া আউটসোর্সিং এর মাধ্যমে আয় করে সে তার লেখাপড়ার খরচও নিজেই চালাচ্ছে।

ক. 'Peer group' এর বাংলা প্রতিশব্দ কী? ১

খ. সামাজিক পরিবর্তনে প্রযুক্তির ভূমিকা ব্যাখ্যা করো। ২

গ. মফিজের ক্ষেত্রে সামাজিক পরিবর্তনের কোন উপাদানটি কার্যকর হয়েছে ব্যাখ্যা করো। ৩

ঘ. 'নারীর ক্ষমতায়নে উদ্দীপকে লাবনীর ক্ষেত্রে প্রযুক্ত উপাদানটির ভূমিকা অপরিসীম।' এর সপক্ষে যুক্তি উপস্থাপন করো। ৪

২. ▶ 'ক' রাষ্ট্রের মৌলিক শিল্প কারখানাসমূহ, কিছু কিছু বড় ব্যাংক ও বিমা কোম্পানি, সীমিত সংখ্যক হাসপাতাল ও প্রাথমিক বিদ্রালয়সমূহ সরকারি মালিকানায় প্রতিষ্ঠিত ও পরিচালিত। তবে এগুলোর পাশাপাশি বেসরকারি মালিকানায় রয়েছে কৃষি উৎপাদনক্ষেত্র, পোশাকশিল্পসহ বড় বড় অনেকটি হোটেল ও অন্যান্য প্রতিষ্ঠান। এসব প্রতিষ্ঠানে প্রতিযোগিতার মাধ্যমে ব্যক্তিপর্যায়ে বিভিন্ন উৎপাদন সম্পন্ন হয়।

ক. শ্রম কাকে বলে? ১

খ. জাতীয় সম্পদের উৎসগুলো বর্ণনা দাও। ২

গ. 'ক' রাষ্ট্রের অর্থনৈতিক ব্যবস্থার প্রকৃতি বর্ণনা করো। ৩

ঘ. বাংলাদেশ ও উদ্দীপকের রাষ্ট্রের অর্থনৈতিক ব্যবস্থা কি একই ধরনের? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

TeachingBD.com

৩. ▶ মীরা কানাডাপ্রবাসী বাঙালি। স্থানীয় একটি পত্রিকায় সে একদিন দেখতে পায় যে, ইউনেস্কোর একটি ঘোষণা বাঙালি জাতিকে বিরাট সম্মান দিয়েছে। মীরার মতে এ ঘোষণা বাঙালিদেরকে কেবল বিশ্বের দরবারে পরিচয়ই করিয়ে দেয়নি বরং এ ঘোষণার মাধ্যমে ইউনেস্কো সারাবিশ্বের জনগোষ্ঠীর সংস্কৃতির প্রতি সম্মান দেখিয়েছে।


ক. 'আরেক ফাল্গুন' উপন্যাসটি কে লিখেছেন? ১

খ. মুজিবনগর সরকারের বিবরণ দাও। ২

গ. পত্রিকায় মীরার দেখা ইউনেস্কোর ঘোষণায় যে দিবসের প্রতিফলন ঘটেছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকে বর্ণিত ঘটনার দিনটি আমাদের জাতীয় চেতনায় উজ্জীবিত হওয়ার দিন।" -উক্তিটির যথার্থতা বিশ্লেষণ করো। ৪

৪. ▶




ক. বিষুবরেখা কাকে বলে? ১

খ. প্রমাণ সময় বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের 'ক' অবস্থানে পৃথিবীর গোলার্ধের অবস্থা ব্যাখ্যা করো। ৩

ঘ. পৃথিবী 'খ' অবস্থানে থাকাকালীন বাংলাদেশে ঋতু পরিবর্তনের কী প্রভাব পড়বে, বিশ্লেষণ করো। ৪

৫. ▶ গত জাতীয় পরিষদ নির্বাচনের পর জনাব শমসের আলীর নেতৃত্বে 'ক' দেশের সরকার গঠিত হয়। তার দলেরই একজন ত্যাগী জনাব আফসার সে দেশের একটি রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করছেন। জনাব শসসের

http://teachingbd.com

আলীর পরামর্শে জনাব আফসার প্রধান নির্বাচন কমিশনার নিয়োগ দেন। কিন্তু এ নিয়োগ নিয়ে পরবর্তীতে সংসদে উত্তেজনাকর পরিস্থিতির উদ্ভব হলে জনাব আফসার সংসদ মুলতুবি ঘোষণা করেন।

ক. সচিবালয় কাকে বলে? ১

খ. সার্বভৌমত্বের ধারণাটি ব্যাখ্যা করো। ২

গ. সংসদ মুলতুবি ঘোষণা জনাব আফসারের কোন ধরনের কাজ, ব্যাখ্যা করো। ৩

ঘ. 'ক' রাষ্ট্রটি পরিচালনার ক্ষেত্রে জনাব শমসের আলী ও জনাব আফসারের সম্পর্ক কেমন হলে সার্বিক উন্নয়ন ও রাষ্ট্র পরিচালনা কার্যক্রম সবচেয়ে ভালো হয় বলে তুমি মনে করো? উত্তরের সপক্ষে যুক্তি দাও।

৬. ▶ দশম শ্রেণির ছাত্রী নন্দিনী তার 'বাংলাদেশ ও বিশ্বপরিচয়' বিষয়টি পড়ে জানতে পারে যে এশিয়ার একটি দেশে এমন একটি চত্বরভূমি রয়েছে যা প্রায় ২৫০০০ বছর পূর্বে সৃষ্টি হয়েছে। সে আরো জানতে পেরেছে যে উক্ত চত্বরভূমিটি ঐ দেশের মোট ভূমির প্রায় ৮% এলাকা নিয়ে গঠিত। এসব এলাকা গঠিত হয়েছে আন্তঃবরফগলা পানিতে প্লাবনের সৃষ্টি হয়ে। নন্দিনী জেনেছে দেশটির প্রায় ৮০% ভূমিই নদী বিধৌত এক বিস্তীর্ণ সমতলভূমি।

ক. বর্তমানে বাংলাদেশে মাথাপিছু জমির পরিমাণ কত একর? ১

খ. বাংলাদেশের স্রোতজ বনভূমির বর্ণনা দাও। ২

গ. উদ্দীপকে যে চত্বরভূমির কথা বলা হয়েছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. 'উদ্দীপকের দেশটি বাংলাদেশেরই প্রতিনিধিত্ব করছে।' তুমি কি একমত? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৭. ▶ মহেশপুর গ্রামের রতন পড়াশুনা শেষ করে ভালো একটি চাকরির চেষ্টা করতে থাকে। দীর্ঘসময়েও কোনো চাকরি না পেয়ে সে তার এলাকায় ফিরে আসে। সেখানে সে একটি ব্যাংক থেকে ঋণ নিয়ে একটি হাঁস-মুরগির খামার এবং একটি গরুর খামার দিয়ে তার কর্মজীবন শুরু করে। মাত্র তিন বছরে এখন সে লোকাল ধনাঢ্য ব্যক্তিদের একজন এবং এলাকার প্রায় শতাধিক লোক এখন তার খামারগুলোতে কাজ করে। অবশ্য রতনের আজ উপলব্ধি যদি ব্যাংকটি তাকে বিনা জামানতে ঋণ না দিত তাহলে হয়তোবা তার আজকের অবস্থাটি তৈরি হতো না।

ক. বাংলাদেশের মোট জাতীয় উৎপাদনে শিল্পখাতের অবদান কত ভাগ? ১

Teachingbd.com

খ. বাংলাদেশের বৈদেশিক বাণিজ্যের ধারণাটি ব্যাখ্যা করো। ২

গ. রতন যে ব্যাংক থেকে ঋণ নিয়েছে তার উদ্দেশ্য বর্ণনা করো। ৩

ঘ. বাংলাদেশের দারিদ্র্য বিমোচনে ও কর্মসংস্থান সৃষ্টিতে উদ্দীপকের ব্যাংকটির ভূমিকা মূল্যায়ন করো। ৪

৮. ▶ বাবা-মা হারা পনেরো বছরের রফিক 'অর্চি সোয়েটার ফ্যাক্টরি'তে কাজ করছে। ছোট দুটো ভাই-বোন নিয়ে সংসার চালাতেই রফিকের এ চাকরি নেয়া। বড়দের তুলনায় বেতন কিছুটা কম হলেও ফ্যাক্টরিতে ওভারটাইমের মাধ্যমে বাড়তি আয়ের সুযোগ থাকায় সে রাতের বেলায় অতিরিক্ত শ্রম দিয়ে সংসার চালিয়ে নিচ্ছে।

ক. হাইওয়ে পুলিশের প্রতিবেদন অনুযায়ী ২০০২ সালে বাংলাদেশে কতটি সড়ক দুর্ঘটনা ঘটেছে? ১

খ. জঙ্গিবাদের ধারণা ব্যাখ্যা করো। ২

গ. রফিকের উপার্জনের সাথে কীসের তুলনা করা যায়, বর্ণনা করো। ৩

ঘ. 'রফিকের বয়সীদের ওভারটাইমের সুযোগ দিয়ে ফ্যাক্টরির মালিক বাংলাদেশের শ্রম আইন-২০০৬ লঙ্ঘন করেছে।' এর যথার্থতা বিশ্লেষণ করো। ৪

৯. ▶ জাকির হোসেন স্থানীয় পরিষদ নির্বাচন চলাকালে মেথিকান্দা উচ্চবিদ্যালয় কেন্দ্রে প্রিজাইডিং অফিসারের দায়িত্ব পালন করছিলেন। ভোট চলাকালে কাউন্সিলর প্রার্থী আঃ আজিজ দলবল নিয়ে ভোটকেন্দ্রে প্রবেশ করেন, ব্যালট বাক্স ছিনিয়ে নিয়ে এবং ভয়ভীতি প্রদর্শন করে নিজের প্রতীকে সীল মেরে ব্যালট বাক্স ভর্তি করে ভোট কেন্দ্র ত্যাগ করেন। অবস্থা দেখে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর লোকজন বাইরে গণ্ডগোল শুরু করলে পুলিশের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। জাকির হোসেনের মন্তব্য 'আঃ আজিজের কর্মকাণ্ড যোগ্য ও উপযুক্ত প্রতিনিধি বাছাইয়ের প্রতিবন্ধক।'

ক. ব্রিটেনের আইনসভার নাম কী? ১

খ. তথ্য অধিকার আইনের ধারণা ব্যাখ্যা করো। ২

গ. কাউন্সিলর প্রার্থী আঃ আজিজের কাজ নির্বাচনি আচরণবিধি অনুযায়ী কেমন তা বর্ণনা করো। ৩

ঘ. 'আঃ আজিজের কর্মকাণ্ড যোগ্য ও উপযুক্ত প্রতিনিধি বাছাইয়ের প্রতিবন্ধক।' -তুমি কি জাকির হোসেনের সঙ্গে একমত? যুক্তিসহকারে ব্যাখ্যা করো। ৪

Teachingbd.com

সময় — ৪০ মিনিট　　পূর্ণমান — ৪০　　বিষয় কোড: ১ ৫ ০

১. বর্ধমান হাউসের বর্তমান নাম কী?
ক ঢাকা বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরি
খ কার্জন হল
গ বাংলা একাডেমী
ঘ পরমাণু গবেষণা কেন্দ্র

২. ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি ১৪৪ ধারা ভঙ্গ করে কতজন মিছিল করার সিদ্ধান্ত নেয়?
ক ১২ জন　খ ১০ জন
গ ১২০ জন　ঘ ২০ জন

৩. তমদ্দুন মজলিশ ছিল—
i. একটি সাংস্কৃতিক প্রতিষ্ঠান
ii. ভাষা সংগ্রাম পরিষদ
iii. একটি রাজনৈতিক দল
নিচের কোনটি সঠিক?
ক i　খ i ও ii
গ i ও iii　ঘ i, ii ও iii

৪. অপারেশন সার্চলাইটের নীল নকশা কে করেন?
ক টিক্কা খান　খ জুলফিকার আলী ভুট্টো
গ আইয়ুব খান　ঘ ইয়াহিয়া খান

৫. মুক্তিযুদ্ধের সময় সংগ্রামী জনগণের মনোবল চাঙ্গা রাখতে বিশেষ ভূমিকা পালন করে—
i. স্বাধীন বাংলা বেতার কেন্দ্র
ii. পত্র-পত্রিকা
iii. স্যাটেলাইট চ্যানেল
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ ii
গ i ও iii　ঘ i, ii ও iii

৬. রিতা বিয়ের পর স্বামীর সাথে আলাদাভাবে বসবাস শুরু করে। রিতার পরিবারটির সাথে কোন ধরনের পরিবারের মিল পাওয়া যায়?
ক যৌথ পরিবার　খ বর্ধিত পরিবার
গ পিতৃবাস পরিবার　ঘ অণু পরিবার

৭. গারোদের মধ্যে প্রচলিত পরিবার প্রথাকে কী বলা যায়?
i. মাতৃতান্ত্রিক
ii. মাতৃবাস
iii. মাতৃসূত্রীয়
নিচের কোনটি সঠিক?
ক i　খ ii
গ i ও iii　ঘ i, ii ও iii

৮. সংসদ প্রণীত আইনে রাষ্ট্রপতি কতদিনের মধ্যে সম্মতি প্রদান করেন?
ক ১০ দিন　খ ১৫ দিন
গ ২০ দিন　ঘ ২৫ দিন

৯. গ্রিক নগর রাষ্ট্র কাদেরকে নাগরিক হিসেবে গণ্য করত না?
ক সরকারি লোক　খ নারী
গ সাধারণ মানুষ　ঘ কর্মকর্তা

১০. স্বাধীন বাংলাদেশের সরকারের উপদেষ্টা পরিষদের সদস্য কত ছিল?
ক ৪ জন　খ ৫ জন
গ ৬ জন　ঘ ৭ জন

১১. মন্ত্রী → সচিব – [ ? ]
বাংলাদেশে প্রশাসনিক স্তর বিন্যাসে? চিহ্নিত স্থানে কী হবে?
ক উপসচিব　খ অতিরিক্ত সচিব
গ যুগ্মসচিব　ঘ সিনিয়র সহকারী সচিব

১২. মন্ত্রণালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা কে?
ক মন্ত্রী　খ সচিব
গ বিচারপতি　ঘ প্রধানমন্ত্রী

১৩. তথ্য অধিকার আইন কত সালে জারি হয়?
ক ২০০৮　খ ২০১০
গ ২০০৯　ঘ ২০১১

১৪. কংগ্রেস কোন দেশের আইনসভার নাম?
ক যুক্তরাজ্য　খ যুক্তরাষ্ট্র
গ জার্মান　ঘ জাপান

১৫. কত সালের আদেশ অনুযায়ী নির্বাচনি অপরাধ ও তার দণ্ড নির্ধারণ করা হয়েছে?
ক ১৯৭০ সালের　খ ১৯৭১ সালের
গ ১৯৭২ সালের　ঘ ১৯৭৩ সালের

১৬. সিডও সনদে কয়টি ধারা আছে?
ক ২৩টি　খ ৩০টি
গ ১৪টি　ঘ ১৫টি

১৭. বাংলাদেশ জাতিসংঘের কততম সদস্য রাষ্ট্র?
ক ৭৯তম　খ ৮১তম
গ ১৩৬তম　ঘ ১৫৩তম

১৮. বিশ্ব AIDS দিবস কোনটি?
ক ১ ডিসেম্বর　খ ২ ডিসেম্বর
গ ১০ ডিসেম্বর　ঘ ৮ ডিসেম্বর

১৯. বাংলাদেশের মাতৃত্বকালীন ছুটির সাথে অসামঞ্জস্যপূর্ণ তথ্য হলো—
i. ২ মাস
ii. ৩ মাস
iii. ৬ মাস
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ ii
গ iii　ঘ i

২০. সামাজিক বিশৃঙ্খলার চরম রূপ হচ্ছে?
ক অর্থনৈতিক নৈরাজ্য　খ সামাজিক নৈরাজ্য
গ রাজনৈতিক নৈরাজ্য　ঘ পারিবারিক নৈরাজ্য

Teachingbd.com

২১. **টারশিয়ারি যুগের পাহাড়সমূহের বৈশিষ্ট্য হলো—**
i. বাংলাদেশের মোট ভূমি ১০% জুড়ে বিস্তৃত
ii. হিমালয় পর্বত উত্থিত হওয়ার সময় সৃষ্ট
iii. সর্বনিম্ন উচ্চতা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i (খ) ii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২২. **শীতকালে বাংলাদেশে কোন মৌসুমি বায়ুর প্রভাবে স্বল্প পরিমাণ বৃষ্টিপাত হয়?**
(ক) উত্তর-পূর্ব (খ) উত্তর-পশ্চিম
(গ) দক্ষিণ-পূর্ব (ঘ) দক্ষিণ-পশ্চিম

২৩. **পত্র পতনশীল অরণ্যের বৃক্ষ কোনটি?**
(ক) শিরিষ (খ) জারুল
(গ) মেহগনি (ঘ) ময়না

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও:**
মিস্কি সাহেব রপ্তানি ও আমদানি ব্যবসার সাথে জড়িত একটি কোম্পানির প্রধান কর্মকর্তা। তার কোম্পানি স্বল্প মূল্যের কৃষিজাত পণ্য রপ্তানি করে এবং উচ্চমূল্যের মূলধন সামগ্রী আমদানি করে থাকে।

২৪. **মিস্কি সাহেবের কোম্পানিতে বাংলাদেশের অর্থনীতির কোন বৈশিষ্ট্যটি ফুটে ওঠে?**
(ক) মানব সম্পদের অপূর্ণ ব্যবহার
(খ) জীবনযাত্রার নিম্নমান
(গ) বৈদেশিক ঋণ (ঘ) বৈদেশিক বাণিজ্য

২৫. **বাংলাদেশের বৈদেশিক বাণিজ্যের স্বরূপ মিস্কির কোম্পানির অনুরূপ হলে—**
i. সাহায্য নির্ভরতা বাড়বে
ii. আন্তর্জাতিক বাণিজ্যে প্রতিকূল অবস্থা বিরাজ করবে
iii. বৈদেশিক লেনদেনের ক্ষেত্রে ঘাটতি বিরাজ করবে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

২৬. **মাতামুহুরী নদীর দৈর্ঘ্য কত?**
(ক) ১২০ কি.মি. (খ) ১৪২ কি.মি.
(গ) ১৭৭ কি.মি. (ঘ) ২০৮ কি.মি.

২৭. **ভূমি উৎপাদিত সম্পদ থেকে কী পায়?**
(ক) সুদ (খ) মুনাফা
(গ) খাজনা (ঘ) মজুরি

২৮. **বাংলাদেশের ভূ-প্রকৃতি কীরূপ?**
(ক) উঁচু ও সমতল (খ) উঁচু ও নিচু
(গ) নিচু ও সমতল (ঘ) উঁচু, নিচু ও সমতল

২৯. **ফিজিড চ্যাথামে দ্বীপপুঞ্জের কাছে আন্তর্জাতিক তারিখ রেখা কোন দিকে বেঁকে গেছে?**
(ক) ১২° পূর্বে (খ) ৭০° পশ্চিমে
(গ) ১১° পূর্বে (ঘ) ৪০° পশ্চিমে

৩০. **৩৬০° কৌণিক দূরত্ব অতিক্রম করতে পৃথিবীর সময় লাগে কত মিনিট?**
(ক) ১৪১৪ মিনিট (খ) ১৪২০ মিনিট
(গ) ১৪৪০ মিনিট
(ঘ) ৩৬৫ দিন ৫ ঘণ্টা ৩৭ মিনিট

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩১ ও ৩২ নং প্রশ্নের উত্তর দাও:**
বাংলাদেশের স্থানীয় সময় রাত ১০টায় ঢাকায় শিক্ষার্থী রঞ্জন তার বিদেশি বন্ধু সুকন্যার সাথে ২১ জুন শনিবার টেলিফোন করে জানতে পারে সুকন্যার অবস্থানরত দেশের স্থানীয় সময় শনিবার সন্ধ্যা ৭টা।

৩১. **রঞ্জনের অবস্থানরত স্থানের দ্রাঘিমাংশ ৯০° পূর্ব হলে সুকন্যার অবস্থানরত স্থানের দ্রাঘিমাংশ কত ডিগ্রি পূর্বে?**
(ক) ১৫° (খ) ৪৫°
(গ) ১২০° (ঘ) ১৩৫°

৩২. **রঞ্জনের অবস্থানে দিন ও রাতের সম্পর্ক কেমন হয়?**
(ক) দিন = রাত (খ) দিন > রাত
(গ) দিন < রাত (ঘ) দিন / রাত

৩৩. **চাহিদার তুলনায় যোগানের সীমাবদ্ধতাকে কী বলে?**
(ক) উপযোগ (খ) অপ্রাচুর্যতা
(গ) সম্পদ (ঘ) অভাব

৩৪. **বাংলাদেশের সমাজকাঠামো পরিবর্তনে অবদান রেখেছে কোনটি?**
(ক) জন্ম ও মৃত্যুহার হ্রাস
(খ) প্রাকৃতিক পরিবেশ
(গ) বিদেশি সংস্কৃতি
(ঘ) চিকিৎসা ব্যবস্থা

৩৫. **বর্তমান বিশ্বের সাথে তাল মিলিয়ে চলতে দেশে নিচের কোনটি চালু হয়েছে?**
(ক) শিল্প কারখানা প্রতিষ্ঠা
(খ) সমাজতন্ত্র
(গ) মুক্তবাজার অর্থনীতি
(ঘ) মুনাফা অর্জন করা

৩৬. **ব্যক্তিগত সম্পদ ও সমষ্টিগত সম্পদকে মিলিয়ে কি বলে?**
(ক) সামাজিক সম্পদ (খ) জাতীয় সম্পদ
(গ) সরকারি সম্পদ (ঘ) আন্তর্জাতিক সম্পদ

৩৭. **সূর্য পৃথিবীর নিকটে অবস্থান করলে তাকে কী বলে?**
(ক) অপসূর (খ) অনুসূর
(গ) বৃত্তাসূর (ঘ) উত্তরায়ন

৩৮. **নেপালের বার্ষিক গড় বৃষ্টিপাতের পরিমাণ কত?**
(ক) ৮০ সে.মি. (খ) ১২৫ সে.মি.
(গ) ১৪৫ সে.মি. (ঘ) ২০০ সে.মি.

৩৯. **বর্ষাকালে বাংলাদেশের কোথায় সর্বনিম্ন বৃষ্টিপাত হয়?**
(ক) ঢাকায় (খ) পাবনায়
(গ) শ্রীমঙ্গল (ঘ) কুমিল্লা

৪০. **বাংলাদেশের বিপজ্জনক বলয়ে অবস্থিত জেলা কোনটি?**
(ক) কক্সবাজার (খ) ময়মনসিংহ
(গ) বান্দরবান (ঘ) ঢাকা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | (গ) | ২ | (খ) | ৩ | (খ) | ৪ | (ক) | ৫ | (ক) | ৬ | (ঘ) | ৭ | (ঘ) | ৮ | (খ) | ৯ | (ক) | ১০ | (গ) |
| | ১১ | (খ) | ১২ | (খ) | ১৩ | (গ) | ১৪ | (খ) | ১৫ | (গ) | ১৬ | (খ) | ১৭ | (গ) | ১৮ | (ক) | ১৯ | (ক) | ২০ | (খ) |
| | ২১ | (খ) | ২২ | (ক) | ২৩ | (খ) | ২৪ | (ঘ) | ২৫ | (ঘ) | ২৬ | (ক) | ২৭ | (গ) | ২৮ | (গ) | ২৯ | (গ) | ৩০ | (গ) |
| | ৩১ | (ঘ) | ৩২ | (খ) | ৩৩ | (খ) | ৩৪ | (ক) | ৩৫ | (গ) | ৩৬ | (খ) | ৩৭ | (খ) | ৩৮ | (গ) | ৩৯ | (খ) | ৪০ | (ঘ) |

http://teachingbd.com